গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ৯৮/২০১৮-১৯

ঢাকা, বৃহস্পতিবার ১৫ নভেম্বর ২০১৮, ১ অগ্রহায়ণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ১০টি বিলে রাষ্ট্রপতির সম্মতি

২। সব প্রার্থী ও দলকে সমান সুযোগ নিশ্চিতের নির্দেশ সিইসির
প্রার্থীদের প্রচারসামগ্রী অপসারণের সময় ৩ দিন বাড়লো

৩। নির্বাচন পেছানোর বিষয়ে কমিশন বসে পরীক্ষা-নিরীক্ষা করে দেখবে : ইসি সচিব

৪। ঐক্যবদ্ধ থাকলে কেউ হারাতে পারবে না : আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশীদের প্রধানমন্ত্রী

৫। প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করলেন কানাডার প্রধানমন্ত্রী

৬। সরকার সংবিধানসম্মতভাবে সকল দলের অংশগ্রহণে
নির্বাচন অনুষ্ঠানে বদ্ধপরিকর : ভারতের হাইকমিশনারকে স্বাস্থ্যমন্ত্রী

৭। যত ষড়যন্ত্রই হোক নির্বাচন হবে : সেতুমন্ত্রী

৮। ভিডিও ফুটেজ দেখে হামলাকারী শনাক্ত হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। গার্মেন্টস শ্রমিকদের মজুরি বাড়লেও বায়াররা দর বাড়ায় না : শ্রম প্রতিমন্ত্রী

১০। মার্চের মধ্যে পূর্ণাঙ্গভাবে ওয়ানস্টপ সুবিধা চালু করবে বেজা

১১। প্রতিবন্ধীদের কাজের সুযোগ দিতে চাকরি মেলা

চলমান পাতা-২

১। **১০টি বিলে রাষ্ট্রপতির সম্মতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দশম জাতীয় সংসদের ২৩তম অধিবেশনে পাস হওয়া ১০টি বিলে সম্মতি জ্ঞাপন করেছেন। গতকাল (১৪ নভেম্বর বুধবার) সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। রাষ্ট্রপতির সম্মতি দেওয়া বিলগুলো হলো, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট বিল, শিশু (সংশোধন) বিল, হাউজিং অ্যান্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট বিল, ওজন ও পরিমাপ মানদণ্ড বিল, সরকারি চাকরি বিল, বাংলাদেশ শ্রম (সংশোধন) বিল, বাংলাদেশ শিশু একাডেমি বিল, মানসিক স্বাস্থ্য বিল, সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) বিল এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড বিল ২০১৮। সূত্র-**আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

২। **সব প্রার্থী ও দলকে সমান সুযোগ নিশ্চিতের নির্দেশ সিইসির**
**প্রার্থীদের প্রচারসামগ্রী অপসারণের সময় ৩ দিন বাড়লো**

নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচনের জন্য সকল প্রার্থী ও রাজনৈতিক দলের জন্য সমান সুযোগ নিশ্চিত করতে নির্বাচন কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। গতকাল (১৪ নভেম্বর বুধবার) আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সহকারী রিটার্নিং কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে সিইসি এ নির্দেশ দেন। বৈঠকে ঢাকা ও ময়মনসিংহ বিভাগের সহকারী রিটার্নিং কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উপজেলা নির্বাচন কর্মকর্তা, সহকারী রিটার্নিং কর্মকর্তা ও থানার ওসির মধ্যে সমন্বয়ের তাগিদ দিয়ে সিইসি বলেন, কেউ যেন নির্বাচনি আচরণবিধি লঙ্ঘন করতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। বৈঠকের শুরুতে সিইসি বলেন, প্রার্থীরা যে অবস্থানেই থাকুন না কেন সবাইকে প্রার্থী হিসেবে বিবেচনা করতে হবে। সব প্রার্থীকে সমান সুযোগ দিতে হবে। আইনগতভাবে যেন কেউ বঞ্চিত না হয়। কেউ যেন বাড়তি সুবিধা না পান।

অপরদিকে নির্বাচনে সম্ভাব্য প্রার্থীদের প্রচার সামগ্রী অপসারণের সময় আরও তিনদিন বাড়িয়েছে নির্বাচন কমিশন (ইসি)। অনুষ্ঠানে নির্বাচন কমিশন সচিব হেলালুদ্দিন আহমদ জানান, প্রার্থীদের ব্যানার-পোস্টার সরিয়ে নেওয়ার জন্য আরও তিনদিন সময় বাড়ানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৩। **নির্বাচন পেছানোর বিষয়ে কমিশন বসে পরীক্ষা-নিরীক্ষা করে দেখবে : ইসি সচিব**

একাদশ সংসদ নির্বাচনের তফসিল পুনর্নির্ধারণ করা হলেও আরো তিন সপ্তাহ পিছিয়ে দেওয়ার দাবি জানিয়েছে সরকারবিরোধী নির্বাচনি জোট জাতীয় ঐক্যফ্রন্ট। গতকাল (১৪ নভেম্বর বুধবার) ড. কামাল হোসেনের নেতৃত্বে জাতীয় ঐক্যফ্রন্টের একটিদল নির্বাচন কমিশনে গিয়ে এ দাবি জানান। অপরদিকে প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমামের নেতৃত্বে আওয়ামী লীগের একটি প্রতিনিধিদল কমিশনে গিয়ে নির্বাচন না পেছানোর দাবি জানান। ঐক্যফ্রট ও আওয়ামী লীগের সঙ্গে বৈঠক শেষে ইসি সচিব হেলালুদ্দীন আহমদ বলেন, ঐক্যফ্রন্ট নির্বাচন পেছানোর দাবি করেছে। ইসি বলেছে, জানুয়ারিতে নির্বাচন করতে হলে তা ইসির জন্য কষ্টদায়ক হয়ে যাবে। কারণ কোথাও পুনর্নির্বাচন করা প্রয়োজন হতে পারে, গেজেটের বিষয় আছে, বিশ্ব এজতেমার বিষয় আছে। তবু ইসি বলেছে, কমিশন বসে পরীক্ষা-নিরীক্ষা করে এ বিষয়ে পরে জানাবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

৪। **ঐক্যবদ্ধ থাকলে কেউ হারাতে পারবে না : আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশীদের প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী নির্বাচন সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে। নির্বাচনকে দলের জন্য চ্যালেঞ্জ হিসেবে বিবেচনায় নিতে হবে। কোনো অবস্থায়ই অবহেলার চোখে দেখা যাবে না। ক্ষমতায় আছেন, তাই এমনিতেই ক্ষমতায় চলে আসবেন-এমনটা ভাববেন না। জনগণের কাছে যেতে হবে, তাদের মন জয় করতে হবে। ঘরে ঘরে গিয়ে নৌকার পক্ষে ভোট চাইতে হবে। ঐক্যবদ্ধ থাকলে কেউ আওয়ামী লীগকে হারাতে পারবে না। গতকাল (১৪ নভেম্বর বুধবার) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে আওয়ামী লীগের

মনোনয়নপ্রত্যাশীরা তাঁর সঙ্গে দেখা করতে এলে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।



**৫। প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করলেন কানাডার প্রধানমন্ত্রী**

গত ১৩ নভেম্বর মঙ্গলবার সিংগাপুরে কানাডার হাইকমিশনার ন্যান্সি লিন ম্যাকডোনাল্ডের বাসভবনে আয়োজিত অভ্যর্থনা অনুষ্ঠানে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো প্রধানমন্ত্রী শেখ হাসিনার অসামান্য নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন। এ সময় সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। কানাডার প্রধানমন্ত্রী ৩৩তম এসোসিয়েশন অভ্ সাউথইস্ট এশিয়ান ন্যাশনস (আসিয়ান) সামিটে যোগ দিতে সিংগাপুরে এসেছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮)।

**৬। সরকার সংবিধানসম্মতভাবে সকল দলের অংশগ্রহণে নির্বাচন অনুষ্ঠানে বদ্ধপরিকর : ভারতের হাইকমিশনারকে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সরকার সংবিধানসম্মতভাবে সকল দলের অংশগ্রহণের মধ্য দিয়ে নির্বাচনের জন্য সর্বদা বদ্ধপরিকর। সকল দল নির্বাচনে অংশ নেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাদের অভিনন্দন জানিয়েছেন। বাংলাদেশ ও ভারতের মধ্যে বর্তমানে সর্বোচ্চ বন্ধুত্বমূলক সম্পর্ক বিরাজ করছে জানিয়ে মোহাম্মদ নাসিম বলেন, এ দ্বিপাক্ষিক সম্পর্ক আরও উচ্চমাত্রায় নিয়ে যাওয়ার লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। গতকাল (১৪ নভেম্বর বুধবার) সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার হর্ষ বর্ধন শ্রিংলার সঙ্গে সাক্ষাৎকালে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। এ সময় ভারতের হাইকমিশনার বলেন, বাংলাদেশে অংশগ্রহণমূলক নির্বাচন হতে যাচ্ছে দেখে ভারত আনন্দিত। তারা চায় বাংলাদেশে গণতন্ত্রের ধারা সবসময় অব্যাহত থাকুক এবং নির্ধারিত সময়ে সকলের অংশগ্রহণে ভোটের মাধ্যমে সরকার গঠন হোক। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.ক.১), **সংবাদ** (শেষ পৃ.ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.ক.৭), **নিউ এজ** (পৃ.৩,ক.৬)।

**৭। যত ষড়যন্ত্রই হোক নির্বাচন হবে : সেতুমন্ত্রী**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মির্জা আব্বাসের নেতৃত্বে বিনা উসকানিতে পুলিশের ওপর হামলা করেছে বিএনপি। নির্বাচন বানচালের ষড়যন্ত্রের অংশ হিসেবে পরিকল্পিতভাবে এ হামলা হয়েছে। তবে যত ষড়যন্ত্রই হোক নির্বাচন হবে। তিনি আরো বলেন, নয়াপল্টনে পুলিশের ওপর হামলা হলেও পুলিশ ধৈর্যের পরিচয় দিয়েছে, পাল্টা আক্রমণ করেনি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **সমকাল** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৮। ভিডিও ফুটেজ দেখে হামলাকারী শনাক্ত হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচন বানচাল করতে পুলিশের গাড়িতে বিএনপির নেতা-কর্মীরা হামলা করেছে। পুলিশের ওপর হামলা ও গাড়ি পোড়ানোর ঘটনা পরিকল্পিত। ভিডিও ফুটেজ দেখে হামলাকারী ও যারা গাড়ি পুড়িয়েছে, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (১৪ নভেম্বর বুধবার) নয়াপল্টনে বিএনপির পার্টি অফিসের সামনে বিএনপি-পুলিশ সংঘর্ষের পর সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে স্বরাষ্ট্রমন্ত্রী একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

**৯। গার্মেন্টস শ্রমিকদের মজুরি বাড়লেও বায়াররা দর বাড়ায় না : শ্রম প্রতিমন্ত্রী**

সম্প্রতি গার্মেন্টস খাতের শ্রমিকদের মজুরি ৫ হাজার ৩শ' টাকা থেকে বাড়িয়ে ৮ হাজার টাকা করার ঘোষণা দিয়েছে সরকার। আগামী মাস থেকে নতুন এ মজুরি কার্যকর হবে। তবে মজুরি বাড়লেও বিদেশি ক্রেতারা (বায়ার) পোশাকের দর বাড়ায় না বলে অভিযোগ তুলেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু। গতকাল (১৪ নভেম্বর বুধবার) রাজধানীর বিজিএমইএ ভবনে পোশাক শ্রমিকদের কল্যাণ তহবিল থেকে চিকিৎসা ও শিক্ষা সহায়তা প্রদান উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এ অনুষ্ঠানের আয়োজন করে। মন্ত্রী বলেন, বিদেশিরা শ্রমিকের মজুরি বাড়ানোর জন্য বলে। কিন্তু পোশাকের দর বাড়ায় না। পোশাকের দর বাড়ানোর জন্য তিনি বায়ারদের আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫)।

**১০। মার্চের মধ্যে পূর্ণাঙ্গভাবে ওয়ানস্টপ সুবিধা চালু করবে বেজা**

বিনিয়োগকারীদের ওয়ানস্টপ সেবা (ওএসএস) বা এক জায়গায় সকল সেবা দেওয়ার জন্য ইতোমধ্যে কার্যক্রম শুরু করেছে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)। বর্তমানে **১১টি** সেবা প্রদান করা হচ্ছে। এগুলো হচ্ছে ভূমির ইজারা, প্রকল্প ক্লিয়ারেন্স, ভিসা সুপারিশ, ওয়ার্ক পারমিট, আমদানি পারমিট, রপ্তানি পারমিট, ভিসা সহযোগিতা, স্থানীয় ক্রয়/বিক্রয়, নমুনা আমদানি ও রপ্তানি। এছাড়া ডিসেম্বরের মধ্যে আরো **৩টি** সেবা ওএসএস এর



মাধ্যমে দেওয়ার পরিকল্পনা রয়েছে। আগামী বছর মার্চের মধ্যে পূর্ণাঙ্গভাবে এক জায়গায় বিনিয়োগকারী সব সুবিধা পাবেন। অর্থনৈতিক অঞ্চলসমূহে বিনিয়োগকারীদের জন্য ওয়ানস্টপ সুবিধা বিষয়ে এক সেমিনারে এ তথ্য জানানো হয়। গতকাল (১৪ নভেম্বর বুধবার) রাজধানীর একটি হোটেলে বেজা ও জাইকা'র উদ্যোগে এ সেমিনারের আয়োজন করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **অবজারভার** (পৃ.১৭,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৭)।

**১১। প্রতিবন্ধীদের কাজের সুযোগ দিতে চাকরি মেলা**

কর্মক্ষম প্রতিবন্ধীদের কর্মসংস্থানের সুযোগ করে দেওয়ার লক্ষ্যে রাজধানীতে শুরু হয়েছে চাকরি মেলা। গতকাল (১৪ নভেম্বর বুধবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দুই দিনব্যাপী এ মেলা শুরু হয়েছে। আজ জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও সমাজকল্যাণ মন্ত্রণালয় যৌথভাবে এ মেলার আয়োজন করেছে। আয়োজকরা জানান, প্রতিবন্ধী জনবলের কর্মসংস্থান সৃষ্টি, তাদের দক্ষতা ও সামর্থ্যের বিষয়ে নিয়োগকারী প্রতিষ্ঠানগুলোকে অবহিত করার লক্ষ্যে এ মেলার আয়োজন করা হয়েছে। এছাড়া প্রতিবন্ধীদের কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক কর্মসংস্থান সম্পর্কে সচেতনতা বাড়ানো এর প্রধান উদ্দেশ্য। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **যায়যায়দিন :** পাট, মহিষ ও ইলিশের পর এবার পৃথিবীর অন্যতম সেরা জাতের ছাগল 'ব্ল্যাক বেঙ্গল' এর জীবনরহস্য উন্মোচন করেছে বাংলাদেশের বিজ্ঞানীরা এ খবরে স্বস্তি প্রকাশ করে এ উদ্ভাবন ছাগলের জাতের অধিকতর উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল** : বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের ভুয়া ওয়েবসাইট খুলে সার্টিফিকেট বিক্রি করা একটি প্রতারক চক্রের সন্ধান মিলেছে উল্লেখ করে এ ধরনের প্রতারক চক্রের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **বণিক বার্তা, জনকণ্ঠ :** আয়কর প্রদানের পদ্ধতিগত জটিলতা এড়াতে সরকার ২০০৮ সাল থেকে আয়কর মেলা চালু করেছে উল্লেখ করে রাজস্ব আহরণে তা ইতিবাচক ভূমিকা রাখছে বলে অভিমত প্রকাশ।

ঘ. **যায়যায়দিন, যুগান্তর, নিউজ টুডে** : অসচেতনতায় বাড়ছে ডায়াবেটিস রোগ উল্লেখ করে সচেতনতা বাড়াতে উদ্যোগ গ্রহণ ও তার যথাযথ বাস্তবায়নের মাধ্যমে ডায়াবেটিস প্রতিরোধের ওপর গুরুত্বারোপ।

ঙ. **সংবাদ :** চলতি বছর নয় মাসে ২১ জন নারী এসিড নিক্ষেপের শিকার হওয়ার কথা উল্লেখ করে এসিড সন্ত্রাসের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহারের কারণে বিভিন্ন রোগ অ্যান্টিবায়োটিক প্রতিরোধী হয়ে উঠছে উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একটি সুষ্ঠু, সুন্দর ও নিরপেক্ষ নির্বাচন জাতিকে একটি সুন্দর সংসদ উপহার দিতে পারে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'প্রতিবন্ধীরা সমাজের বোঝা নয়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশের ১৬ কোটি মানুষের ৩২ কোটি হাত যদি প্রতিবন্ধী ব্যক্তিদের দিকে প্রসারিত না হয়, তাহলে প্রতিবন্ধীবান্ধব সমাজ প্রতিষ্ঠা করা সম্ভব হবেনা।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা